



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৪৫

রাজশাহীতে বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

রাজশাহী, ২৭ পৌষ (১১ জানুয়ারি):

রাজশাহীতে ৩৪তম বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (১১ জানুয়ারি) সকাল নয়টায় জেলা মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ কামরুল হাসান, এনডিসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বেলুন ও ফেস্টুন উড়িয়ে এ ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড রাজশাহী বিভাগীয় কার্যালয়ের আয়োজনে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় রাজশাহী বিভাগের ৮ জেলাসহ মহানগরীর সকল সরকারি কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের সন্তানরা অংশগ্রহণ করে। বিভিন্ন ইভেন্টে মোট ৩০০ জন প্রতিযোগী এবারের প্রতিযোগিতায় অংশ নেয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি মোঃ কামরুল হাসান বলেন, রাজশাহীর ক্রীড়া প্রতিযোগিতার অতীত ইতিহাস অত্যন্ত সমৃদ্ধ। এ অঞ্চলের কৃতিসন্তান জাতীয় চার নেতার অন্যতম এ.এইচ.এম কামারুজ্জামান ১৯৬২ সালে জেলা ক্রীড়া সংস্থায় সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছিলেন। তাঁর হাত ধরেই দেশের ক্রীড়ার প্রাণকেন্দ্র রাজশাহীর এগিয়ে যাওয়া শুরু হয়। এরই ধারাবাহিকতায় বিভিন্ন ধরনের খেলায় রাজশাহী অবদান রেখে চলেছে।

তিনি বলেন, ২০০৫ সালে দক্ষিণ কোরিয়াতে অনুষ্ঠিত নারী ফুটবল প্রতিযোগিতায় বাংলাদেশ দলে রাজশাহীরই চার জন মেয়ে ছিল। আমাদের দেশের ক্রিকেটে রাজশাহীর সন্তান খালেদ মাসুদ পাইলটের অবদান অপরিসীম। জলকন্যা হিসেবে খ্যাত কুলসুমের বাড়িও রাজশাহী। এছাড়া খোদা বক্স মৃধা ১৯৭২ সাল থেকে দীর্ঘদিন জনপ্রিয় ক্রীড়া ধারাবাহিককার হিসেবে দেশের ক্রীড়াঙ্গনে এক নামে পরিচিত ছিলেন।

রাজশাহী বিভাগকে শিক্ষানগরী হিসেবে উল্লেখ করে প্রধান অতিথি বলেন, শিক্ষানগরী হিসেবে যেমন সারা দেশে রাজশাহীর সুনাম রয়েছে, তেমনি রাজশাহী সিক্কের খ্যাতিও এখন সারাবিশ্বে স্বীকৃত।

তিনি ছেলে-মেয়েদেরকে ক্রীড়ামনস্ক করে গড়ে তোলার আহ্বান জানিয়ে বলেন, ক্রীড়া প্রতিযোগিতার মাধ্যমে একটি দেশ বিশ্বের কাছে পরিচিত লাভ করতে পারে। সেজন্য ছেলে-মেয়েদেরকে এমনভাবে গড়ে তুলতে হবে যাতে তারা খেলাধুলায় নিজেদের মেধাকে কাজে লাগিয়ে দেশকে এগিয়ে নিতে পারে।

বিভাগীয় কমিশনার জিএসএম জাফরউল্লাহ এনডিসির সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ নবীরুল ইসলাম, রাজশাহী রেঞ্জের অতিরিক্ত ডিআইজি নরেশ চাকমা, আরএমপির পুলিশ কমিশনার মোঃ আনিসুর রমহান ও জেলা প্রশাসন আব্দুল জলিল প্রমুখ বক্তৃতা করেন।

এছাড়াও বিভাগীয় ও জেলা পর্যায়ে বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদুজ্জামান/সিকান্দার/হালিম/রোকন/২০২৩/১৬:০০ ঘ.